

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউটের একটি উদ্ভাবনী ধারণার বাস্তবায়ন প্রস্তাবনা।

ধারণা প্রদানকারীর নাম : মোঃ সাখাওয়াত হোসেন
 ধারণা প্রদানকারীর পদবী : গবেষণা কর্মকর্তা

ক্রমিক	বিষয়	বর্ণনা
১.	প্রস্তাবনার শিরোনাম।	রেশম-ই-সেবা
২.	পটভূমিঃ কিসের ভিত্তিতে প্রস্তাবটি উপস্থাপন করা হয়েছে।	রেশমচাষ একটি কারিগরি জ্ঞানসম্পন্ন বিশেষায়িত কৃষি শিল্প। সারা বছরব্যাপী চারটি বন্দে তুঁতচাষ ও পলুপালন করা হয়। বছরের চারটি বন্দের তাপমাত্রা ও আদ্রতা ভিন্ন ভিন্ন। সফল রেশমচাষ নির্ভর করে তুঁতচাষ ও পলুপালন উভয় ক্ষেত্রে কারিগরি কৌশল সঠিকভাবে প্রয়োগের উপর। এই উদ্ভাবনী সেবার দ্বারা চাষীদের তুঁতচাষ ও পলুপালনকালীন বিশেষ বিশেষ দিক নির্দেশনা মূলক পরামর্শ যেমন-কোন নিদৃষ্ট বন্দের জন্য তুঁতগাছের যে সময় প্রণিৎ করা প্রয়োজন ঠিক তখন এসএমএস এর মাধ্যমে সকল চাষীদের প্রণিৎ করার জন্য জানিয়ে দেওয়া হবে, এছাড়াও পলুপালনকালীন বিশেষ বিশেষ কৌশল-তাপমাত্রা, আদ্রতা নিয়ন্ত্রণ পদ্ধতি, বেড ডিসইনফেকশন, ফিডিং এর সঠিক সময় ও পদ্ধতি ইত্যাদি বিষয়ে এসএমএস এর মাধ্যমে তথ্যসেবা প্রদান করা সম্ভব হবে। বিশেষ কোন রোগবালাই এর প্রাদুর্ভাব দেখা দিলে তা নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কিত বিশেষ সেবা এর মাধ্যমে প্রদান করা সম্ভব হবে। রেশমচাষী, মাঠকর্মী, রেশম সংশ্লিষ্ট গবেষক ও অন্যান্য আগ্রহী ব্যক্তিগণ তাদের প্রয়োজনীয় যে কোন তথ্য নিতে পারবেন।
৩.	ইনোভেশন প্রস্তাবনার সংক্ষিপ্ত বর্ণনা।	প্রতিষ্ঠানের ওয়ানস্টপ সার্ভিস ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে একটি সিমসহ মোবাইল ফোন দেওয়া থাকবে এবং রেশমচাষী ও মাঠকর্মীদের মোবাইল নাম্বার সংগ্রহ করে একটি মোবাইল ডাটাবেজ তৈরী করা থাকবে। মোবাইল নাম্বারটি ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট, সোশাল মিডিয়া, সেমিনার, মাঠ দিবস- এর মাধ্যমে প্রচারণা চালানো হবে। বিশেষ বিশেষ দিক নির্দেশনা ও পরামর্শ নিয়মিত ডাটাবেজে অন্তর্ভুক্ত সকল চাষীদের জানানো হবে। এছাড়াও সমস্যাগ্রস্থ ব্যক্তি/আগ্রহী ব্যক্তি শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে মোবাইল ফোনের মাধ্যমে তাদের প্রয়োজনীয় সমস্যা সমাধান ও অন্যান্য তথ্য পরামর্শ পেয়ে থাকবেন।
৪.	এ ইনোভেশন কর্মসূচি বাস্তবায়ন করলে কি ধরনের সুনির্দিষ্ট সুবিধা পাওয়া যাবে/ কি ধরনের পরিবর্তন ঘটবে এবং এর দ্বারা কারা উপকৃত হবে।	<ul style="list-style-type: none"> ➤ সমস্যাগ্রস্থ ব্যক্তি/আগ্রহী ব্যক্তি নিজ অবস্থানে থেকেই প্রয়োজনীয় তথ্য/পরামর্শ পাবেন। ➤ কোন নিদৃষ্ট বন্দে করণীয় সংক্রান্ত পরামর্শ সঠিক সময়ে এসএমএস এর মাধ্যমে চাষীদের জানানো হবে যা উৎপাদন নিশ্চিত করতে সহায়ক হবে। এছাড়াও হঠাৎ কোন আবহাওয়া জনিত পরিবর্তনের কারণে করণীয় বিষয়ক তাৎক্ষনিক পরামর্শ দেয়া সম্ভব হবে। ➤ সময় এবং আর্থিক সাশ্রয় হবে। ➤ চাষীগণ উৎপাদন নিশ্চিতকরণের মাধ্যমে আর্থিকভাবে লাভবান হবেন। ➤ রেশম সংশ্লিষ্ট সেবাকে মোবাইলের মাধ্যমে জনগণের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হবে।

৫.	এ উদ্যোগ বাস্তবায়নে কি ধরনের সহযোগিতা লাগবে এবং কার অনুমোদন লাগবে।	<ul style="list-style-type: none"> ➤ পরিচালক, বিএসআরটিআই- এর অনুমোদন। ➤ আর্থিক অনুমোদনের প্রয়োজন হবে।
৬.	ইনোভেশন ধারণা বাস্তবায়নের প্রাথমিক কর্মপরিকল্পনা।	<ul style="list-style-type: none"> ➤ পরিচালক, বিএসআরটিআই- এর অনুমোদন। ➤ সিমসহ একটি মোবাইল ফ্রয়। ➤ রেশমচাষীদের মোবাইল নাম্বার সংগ্রহ ও একটি ডাটাবেজ তৈরি। ➤ মোবাইল বিল বাবদ খরচের অনুমোদন ও সংস্থান।
৭.	ইনোভেশন ধারণা দ্বারা প্রত্যাশিত ফল অর্জনের কর্ম-পরিকল্পনা।	<ul style="list-style-type: none"> ➤ মন্ত্রণালয়ের অনুমোদন। ➤ ইনোভেশন ধারণাটি বাস্তবায়িত হলে তুঁতগাছের সঠিক পরিচর্যা নিশ্চিত হবে ফলে তুঁতগাছের রোগবালাই নিয়ন্ত্রণ ও পুষ্টিমান সম্পন্ন অধিক তুঁতপাতার উৎপাদন সম্ভব হবে। ➤ পলুপালনকালীন সঠিক সময়ে ফিডিং প্রদান, বেড ডিসইনফেকশন পদ্ধতি, তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ পদ্ধতিসহ সকল আধুনিক প্রযুক্তির সঠিক প্রয়োগ নিশ্চিত হবে ফলে পলুর মৃত্যুহার হ্রাস পাবে এবং মান সম্পন্ন গুটির উৎপাদন বৃদ্ধি পাবে। ➤ মান সম্পন্ন কাঁচা রেশম সূতার উৎপাদন সম্ভব হবে। ➤ চাষীরা আর্থিকভাবে লাভবান হবেন। ফলে রেশমচাষে আগ্রহ বৃদ্ধি পাবে। ➤ মোবাইলের মাধ্যমে রেশমচাষ সম্পর্কিত সেবা চাষীদের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হবে।
৮.	গৃহীত পদক্ষেপ ও কর্মপরিকল্পনা	<ul style="list-style-type: none"> ➤ মোবাইল ডাটাবেজ তৈরি-জানুয়ারি-মার্চ, ২০১৬. রেশমচাষীদের মোবাইল নাম্বারের ডাটাবেজ তৈরির লক্ষ্যে রেশমচাষীদের মোবাইল নাম্বার সহ প্রয়োজনীয় তথ্য সম্বলিত নমুনা ফরম তৈরি করে রেশম উন্নয়ন বোর্ডের সকল সহকারী পরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তথ্য সংগ্রহ হলে ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন করা হবে। ➤ সিমসহ মোবাইল ফ্রয়-এপ্রিল, ২০১৬। ➤ রেশমচাষীদের মোবাইল নাম্বার সমূহ সফটওয়্যারে অন্তর্ভুক্তকরণ। এপ্রিল, ২০১৬। ➤ তুঁতচাষ ও তুঁতগাছ ব্যবস্থাপনা (প্রশনিং, সেচ, সার ইত্যাদি), বন্দভিত্তিক পলুপালনকালীন বিশেষ বিশেষ কৌশল- তাপমাত্রা, আর্দ্রতা নিয়ন্ত্রণ পদ্ধতি, বেড ডিসইনফেকশন, ফিডিং এর সঠিক সময় ও পদ্ধতি ইত্যাদি বিষয়ে এসএমএস এর ডাটাবেজ তৈরি। ➤ এসএমএস এর মাধ্যমে সেবা প্রদান চালুকরণ- মে, ২০১৬।

স্বাক্ষরিত/-
পরিচালক
বারেগপ্রই, রাজশাহী।